গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.১০২.০৬.০৪৪.১৬. ৬৭ তারিখ: ৮ শ্রাবণ ১৪২৪ / ২৩ জুলাই ২০১৭

বিষয়:: প্রতিরক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন বাহিনীত্রয়সহ আন্তঃবাহিনী ও অন্যান্য দপ্তর/সংস্থাসমূহের জুন-২০১৭ মাসের অনুন্নয়ন বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মাছুম খান<br>যুগ্মসচিব |
| তারিখ ও সময় | : | ১৮ জুলাই ২০১৭, বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | : | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতির তালিকা | : | পতাকা -'ক' দ্রষ্টব্য |
| আলোচ্যসূচি | : | প্রতিরক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন বাহিনীত্রয়সহ আন্তঃবাহিনী ও অন্যান্য দপ্তর/সংস্থাসমূহের জুন/২০১৭ মাসের অনুন্নয়ন বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। |

২। সভাপতি উপস্থিত সকলকে ঈদ উত্তর শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ২০১৬-২০১৭ অর্থবছরের জুন/২০১৭ মাসের অনুন্নয়ন বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন সভায় উপস্থাপনের জন্য উপসচিব ডি-১০-কে অনুরোধ করেন। উপসচিব ডি-১০ সভাপতির অনুমতিক্রমে জুন/২০১৭ মাসের বাজেট ব্যয়ের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ক্যাডেট কলেজ, বাংলাদেশ জাতীয় ক্যাডেট কোর, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, বাংলাদেশ সেনাবাহিনী-বাহিনীসমূহ, পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (সেনা), বাংলাদেশ নৌবাহিনী-বাহিনীসমূহ, পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী-নৌ, বাংলাদেশ বিমানবাহিনী-বাহিনীসমূহ, পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী বিমান, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, এমআইএসটি, প্রধান প্রকৌশলী (ই-ইন-সি), সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, ন্যাশনাল ডিফেন্স কলেজ, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা-এর অনুন্নয়ন বাজেট ব্যয়ের হার ৯৫% এর উর্ধ্বে হওয়ায় (কোন কোন ক্ষেত্রে ১০০% হওয়ায়) উক্ত দপ্তর/সংস্থাসমূহকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এ ধারা অব্যাহত রাখার আহ্বান জানিয়ে অন্যান্য দপ্তর/সংস্থাসমূহের যে সকল খাতে ব্যয়ের হার ৯৫%-এর নীচে সেগুলো সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৩। সভায় উপস্থাপিত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট প্রতিনিধিদের বক্তব্য অনুসারে ২০১৬-২০১৭ অর্থবছরের অনুন্নয়ন বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি (জুন/২০১৭ পর্যন্ত) নিম্নরূপ:

সচিবালয় (প্রতিরক্ষা মন্ত্রণালয়): অর্থনৈতিক কোড নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা), ৪৯০০-৪৯৯৯ (মেরামত ও সংরক্ষণ) ও ৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) খাতগুলোর জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার যথাক্রমে ৭৭.৫৩%, ৭৩.২৪% ও ৫৭.২৪%। গাড়ি ক্রয় কার্যক্রম সম্পন্ন না হওয়ায় এবং ঋণ ও অগ্রিমের জন্য আবেদন কম পাওয়ায় ব্যয় কম হয়েছে।

সাইফার পরিদপ্তর: অর্থনৈতিক কোড নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা) খাতে জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার ৮৬.০০%। সাইফার পরিদপ্তর থেকে আগত প্রতিনিধি জানান যে, পরিকল্পনা অনুযায়ী ভ্রমণ কার্যক্রম সম্পন্ন না হওয়ায় এ খাতে ব্যয় কম হয়েছে।

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো): অর্থনৈতিক কোড নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা), ৪৯০০-৪৯৯৯ (মেরামত ও সংরক্ষণ) ও ৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) খাতগুলোর জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার যথাক্রমে ৮৬.৮৪%, ৯০.৭৭% ও ৯৭.৬৪%। নিয়োগকৃত কর্মচারীগণ যোগদান না করায় সংশ্লিষ্ট খাতে ব্যয় কম হয়েছে মর্মে উপস্থিত প্রতিনিধি জানান।

সিজিডিএফ: অর্থনৈতিক কোড নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা), ৪৯০০-৪৯৯৯ (মেরামত ও সংরক্ষণ) ও ৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) খাতগুলোর জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার যথাক্রমে ৯১.০৬%, ৯৪.২২% ও ৫৭.৩০%। গাড়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন না হওয়ায় এ খাতে ৭০.০০ লক্ষ টাকা উদ্বৃত্ত রয়েছে মর্মে সভায় উপস্থিত প্রতিনিধি জানান।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর: অর্থনৈতিক কোড নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা) খাতে জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার ৯২.৫৪%। সভায় উপস্থিত প্রতিনিধি জানান, চট্টগ্রামে পিডব্লিউডি কর্তৃক টেন্ডার করতে না পারায় এ খাতে পরিকল্পনা অনুযায়ী ব্যয় করা সম্ভব হয়নি।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর: অর্থনৈতিক কোড নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা), ৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) ও ৭০০০-৭০৯৯ (নির্মাণ ও পূর্ত) খাতগুলোর জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার ৮৫.৫৫%, ৮৮.৭৭% ও ১.৬২%। ডিজিডিপির প্রতিনিধি জানান যে পরিকল্পনা অনুযায়ী ব্যারাক এর (৪র্থ তলা) নির্মাণ করতে না পারায় সংশ্লিষ্ট খাতে ব্যয় কম হয়েছে।

**আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর:** অর্থনৈতিক কোড নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা) খাতে জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার ৯৩.৫৮%। গাড়ি বন্ধ থাকায় পিওএল খাতে ব্যয় কম হয়েছে মর্মে সভায় উপস্থিত প্রতিনিধি উল্লেখ করেন।

**প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়:** অর্থনৈতিক কোড নম্বর-৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) খাতে জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার ৯৪.০০%। সভায় আগত প্রতিনিধি জানান যে, প্রাক্কলিত ব্যয়ের তুলনায় গাড়ির মূল্য কম নির্ধারণ করায় এ খাতে ব্যয় কম হয়েছে।

**সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর:** অর্থনৈতিক কোড নম্বর-৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) খাতে জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার ৯০.৫৭%। ৪টি মোটর সাইকেল ক্রয় কার্যক্রম সম্পন্ন না হওয়ায় এবং গাড়ির মূল্য কম হওয়ায় সংশ্লিষ্ট খাতে ব্যয় কম হয়েছে মর্মে উপস্থিত প্রতিনিধি জানান।

**সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর:** নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা), ৪৯০০-৪৯৯৯ (মেরামত ও সংরক্ষণ), ৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) খাতের জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার যথাক্রমে ৮৫.৯৫%, ৮০.৭৬% ও ৮৭.১৯%। সাভূসের প্রতিনিধি জানান ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে না পারায় এবং গাড়ি ক্রয় কার্যক্রম সম্পন্ন না হওয়ায় সংশ্লিষ্ট খাতে ব্যয় কম হয়েছে।

প্রতিরক্ষা অ্যাটাচী : অর্থনৈতিক কোড নম্বর-৪৮০০-৪৮৯৯ (সরবরাহ ও সেবা), ৪৯০০-৪৯৯৯ (মেরামত ও সংরক্ষণ) ও ৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) খাতের জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার যথাক্রমে ৮৭.৩৮%, ৫৬.৮৪% ও ৮৭.৬৯%। ২টি নতুন কভার পদ খোলার অনুমোদন পাওয়ার কথা ছিল কিন্তু বছর শেষ হওয়ায় অনুমোদন পাওয়া যায়নি। ৭টি গাড়ী একত্রে ক্রয়ের ফলে এ সংক্রান্ত ব্যয় কম হয়েছে এবং কুয়েত, মালয়েশিয়া ও পাকিস্থানে ডিএ সারা বৎসর কর্মরত না থাকায় সংশ্লিষ্ট খাতে ব্যয় কম হয়েছে মর্মে উপস্থিত প্রতিনিধি জানান।

**বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড:** অর্থনৈতিক কোড নম্বর-৬৮০০-৬৮৯৯ (সম্পদ সংগ্রহ/ক্রয়) খাতে জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার যথাক্রমে ৯১.৪৪%। সভায় আগত প্রতিনিধি জানান যে, প্রাক্কলিত ব্যয়ের তুলনায় গাড়ির মূল্য কম নির্ধারণ করায় এ খাতে ব্যয় কম হয়েছে।

**এমওডিসি:** অর্থনৈতিক কোড নম্বর-৪৯০০-৪৯৯৯ (মেরামত ও সংরক্ষণ) ও ৫৯০০-৫৯৯৯ (সাহায্য মঞ্জুরী) খাতে জুন/২০১৭ পর্যন্ত ব্যয়ের হার যথাক্রমে ৯৩.৮৫% ও ৯১.০৪%। উপস্থিত প্রতিনিধি জানান যে, পরিকল্পনা অনুযায়ী মেরামত কাজে ব্যয় না হওয়ায় এবং স্কুলের ছাত্র ও ছাত্রীদের সংখ্যা কম থাকায় সাহায্য মঞ্জুরী খাতে ব্যয় কম হয়েছে।

৪। সভাপতি উপস্থিত প্রতিনিধিগনকে আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করা হয়েছে কি না? জানতে চান। তিনি আরও বলেন, বিষয়টি পূর্ববর্তি সভাগুলোতে বার বার স্মরণ করিয়ে দেয়া হয়েছে। অনুন্নয়ন ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক-এর যথাযথ ব্যবহার নিশ্চিত করা হয়েছে মর্মে উপস্থিত প্রতিনিধিগণ সভাকে অবহিত করেন।

৫। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) যে সকল দপ্তর/সংস্থার অনুন্নয়ন বাজেট ব্যয়ের অগ্রগতির হার ১০০% বা ১০০% এর কাছাকাছি তাদেরকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক বিধিবিধান অনুসরণ করে সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করাসহ এ ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। যে সকল দপ্তর/সংস্থার অনুন্নয়ন ব্যয়ের অগ্রগতির হার সন্তোষজনক নয় তাদেরকে ভবিষ্যতে যথাযথ পরিকল্পনা প্রনয়ণপূর্বক বিধিবিধান অনুসরণ করে সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়;

(২) একান্ত অপরিহার্য ক্ষেত্র ব্যতিত উপযোজনের প্রস্তাব করা যাবেনা এবং দপ্তর/সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতাবলে উপযোজনকৃত মঞ্জুরী আদেশের অনুলিপি প্রতিরক্ষা মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(৩) সমর্পণ প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন এবং ২০১৭-১৮ অর্থবছরের শুরুতে বাজেট বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়নপূর্বক ২৫/০৭/২০১৭ ইং তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং

(৪) অনুন্নয়ন ব্যয়ের অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে বাহিনীত্রয়সহ সকল দপ্তর/সংস্থা কর্তৃক সরাসরি যুগ্ম-সচিব (বাজেট) অধিশাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করতে হবে;

৬। সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৩/০৭/২০১৭
(মোঃ মাছুম খান)
যুগ্মসচিব

নম্বর-২৩.০০.০০০০.১০২.০৬.০৪১.১৬. ৬৭ তারিখ: ৮ শ্রাবণ ১৪২৪
২৩ জুলাই ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক, বাজেট পরিদপ্তর, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (সেনা), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩। পরিচালক, বাজেট পরিদপ্তর, নৌ-সদর, বনানী, ঢাকা।
৪। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ), লালাসরাই নাবিক কলোনী, মিরপুর-১৪, ঢাকা।
৫। পরিচালক, অর্থ পরিদপ্তর, বিমান সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (বিমান), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮। মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা।
৯। পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১০। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১। মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১২। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৩। কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৪। প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৫। মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬। পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ইএএলবি), ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৮। কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৯। কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
২০। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
২১। পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।
২২। অধিনায়ক, এমওডিসি সদর দপ্তর, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।
২৩। সিজিডিএফ, সিজিডিএফ-এর কার্যালয় সেগুনবাগিচা, ঢাকা।
২৪। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২৫। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৬। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা।
২৭। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২৮। সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়), সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৯। পরিচালক, গুপ্ত সংকেত পরিদপ্তর, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা।
৩০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ২২, পুরানা পল্টন, ঢাকা।
৩১। সহকারী সচিব, ডি-১১ (প্রশাসন) প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩২। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সাধারণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্ম-সচিব (পূ:উ:)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২৩/৭/১৭

শাহ্ আবদুল আলীম খান
উপসচিব